



রেজিস্ট্রারের কার্যালয়  
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়  
ত্রিশাল, ময়মনসিংহ।

সূত্র : জাককানইবি/রেজি:/অআ/৬০/০৭/পার্ট-২/১৬৩

তারিখ : ১০/০৬/২০২০ খ্রি:

জরুরী বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Covid-19 (Coronavirus)-এর কারণে বিশ্ব আজ স্থবির, অনির্দিষ্ট কালের জন্য বন্ধ রয়েছে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়-এর একাডেমিক কার্যক্রম। শুধুমাত্র সীমিত পরিসরে বর্তমান স্বাস্থ্যবিধি মেনে বিশ্ববিদ্যালয়ের জরুরী দাপ্তরিক কাজ চলমান রয়েছে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে বহিরাগত লোকজন বিনা প্রয়োজনে ক্যাম্পাসে প্রবেশ করছেন, ক্যাম্পাসের ভেতর দিয়ে যাতায়াত করছেন এবং অবস্থান করছেন। এতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থানরত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীসহ প্রবেশকারীদের স্বাস্থ্যঝুঁকি বাড়ছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, ত্রিশালসহ এর আশে-পাশে দিন দিন করোনা ভাইরাসে আক্রান্ত রোগীর সংখ্যা বেড়েই চলেছে। কাজেই করোনা ভাইরাস মোকাবেলায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে।

১. জরুরি দাপ্তরিক প্রয়োজন ছাড়া বহিরাগতরা ক্যাম্পাসের ভেতরে প্রবেশ, যাতায়াত ও অবস্থান করতে পারবেন না।
২. বহিরাগত কোনো যানবাহন ক্যাম্পাসে প্রবেশ করবে না।
৩. গবাদি পশু ( যেমন গরু-ছাগল ইত্যাদি) ক্যাম্পাসের ভেতরে প্রবেশ ও চারণ নিষিদ্ধ করা হলো।
৪. বিশ্ববিদ্যালয়ের যেসকল ভবনে উন্নয়নের কাজ চলছে তাদের কর্মীরা বর্তমান স্বাস্থ্যবিধি মেনে কাজ করবেন। তারা জরুরি প্রয়োজন ছাড়া কোনোভাবেই ক্যাম্পাসের বাইরে যেতে পারবে না।
৫. বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্যাম্পাসে প্রবেশের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে প্রবেশ করবেন। প্রবেশকালে গেটে তাদের পরিচয়পত্র প্রদর্শন করবেন।
৬. বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা কর্মী, আনসার, আইন শৃঙ্খলা বাহিনী বর্তমান স্বাস্থ্যবিধি মেনে তাদের দায়িত্ব পালন করবেন।
৭. বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থানরত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণকে বর্তমান স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করা হলো।

এ আদেশ অদ্য ১০/০৬/২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

(কৃষিবিদ ড. মোঃ হুমায়ুন কবীর)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।

অনুলিপি:

০১। প্রক্টর, জাককানইবি

০২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ভিসি দপ্তর (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।

০৩। সিকিউরিটি অফিসার, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।

০৪। অফিস নথি।

০৫। মহা নথি।